# সংবিধান

# Constitution

**সংবিধান**

**বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির**

**প্রকাশনায়**

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির

কেন্দ্রীয় কার্যালয়

৪৮/১-এ, পুরানা পল্টন

ঢাকা-১০০০

**প্রকাশকাল**

| | | |
|---|---|---|
| প্রথম প্রকাশ | : | মে, ১৯৭৭ |
| দ্বিতীয় প্রকাশ | : | অক্টোবর, ১৯৭৮ |
| তৃতীয় প্রকাশ | : | জানুয়ারি, ১৯৮১ |
| চতুর্থ প্রকাশ | : | এপ্রিল, ১৯৮৩ |
| পঞ্চম প্রকাশ | : | নভেম্বর, ১৯৮৪ |
| ষষ্ঠ প্রকাশ | : | জুন ১৯৮৭ |
| সপ্তম প্রকাশ | : | ফেব্রুয়ারি, ১৯৯০ |
| অষ্টম প্রকাশ | : | মার্চ, ১৯৯১ |
| নবম প্রকাশ | : | মে, ১৯৯৩ |
| দশম প্রকাশ | : | জানুয়ারি, ১৯৯৪ |
| একাদশ প্রকাশ | : | সেপ্টেম্বর, ১৯৯৫ |
| দ্বাদশ প্রকাশ | : | মার্চ, ১৯৯৭ |
| প্রথম ইংরেজি প্রকাশ | : | জুন, ১৯৯৭ |
| ত্রয়োদশ প্রকাশ | : | বাংলা ও ইংরেজি সমন্বিত সংস্করণ জুলাই, ১৯৯৮ |
| চতুর্দশ প্রকাশ | : | আগস্ট, ২০০০ |
| পঞ্চদশ প্রকাশ | : | ফেব্রুয়ারি, ২০০৮ |
| ষষ্ঠদশ প্রকাশ | : | এপ্রিল, ২০১০ |
| সপ্তদশ প্রকাশ | : | নভেম্বর, ২০১৩ |
| অষ্টদশ প্রকাশ | : | মে, ২০১৬ |

**মূল্য : ১৮ টাকা**

# Constitution

Bangladesh Islami Chhatrashibir

**Published by**

Bangladesh Islami Chhatrashibir

**Central Office**

48/1-A, Purana Palton, Dhaka-1000

**Published**

| | | |
|---|---|---|
| 1st Edition | : | May, 1977 |
| 2nd Edition | : | October, 1978 |
| 3rd Edition | : | January, 1981 |
| 4th Edition | : | April, 1983 |
| 5th Edition | : | November, 1984 |
| 6th Edition | : | June, 1987 |
| 7th Edition | : | February, 1990 |
| 8th Edition | : | March, 1991 |
| 9th Edition | : | May, 1993 |
| 10th Edition | : | January, 1994 |
| 11th Edition | : | September, 1995 |
| 12th Edition | : | March, 1997 |
| 1st English Edition | : | June, 1997 |
| 13th Edition | : | Bengali and English Integrated Edition<br>July, 1998 |
| 14th Edition | : | August, 2000 |
| 15th Edition | : | February, 2008 |
| 16th Edition | : | April, 2010 |
| 17th Edition | : | November, 2013 |
| 18th Edition | : | May, 2016 |

**Price : Tk. 18 Only.**

# পূর্বকথা

যে কোন প্রতিষ্ঠানের সংবিধানই একটি মৌলিক দলিল হিসেবে বিবেচিত হয়। সংগঠন পরিচালনা, শৃঙ্খলা বিধান ও নীতিমালা সংরক্ষণে এর প্রয়োজনীয়তা অনস্বীকার্য। বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সংবিধান এক পবিত্র আমানত। এর প্রতিটি দিক কুরআন, সুন্নাহ ও ইসলামী আন্দোলনের ঐতিহ্যের আলোকে প্রণয়ন করা হয়েছে। তাই বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সকল কর্মতৎপরতা এই সংবিধানের ভিত্তিতেই পরিচালিত হয়।

মৌলিক নীতিমালাকে অক্ষুণ্ন রেখে পরিবেশ ও পরিস্থিতির দাবি অনুসারে এ সংবিধানে বিভিন্ন সময় কিছু কিছু সংশোধনী আনা হয়েছে।

সংবিধানের বর্তমান এ সমন্বিত সংস্করণ সর্বশেষ সংশোধনীসহ প্রকাশিত হলো। আল্লাহ তায়ালা আমাদের সংবিধানের আলোকে সংগঠনের যাবতীয় কাজ আঞ্জাম দেয়ার তৌফিক দিন। আমীন!

# FOREWORD

In any organization, a constitution is considered to be the basic document. Its importance in conducting the organization, streamlining its discipline and maintaining the principles can not be denied. The Constitution of Bangladesh Islami Chhatrashibir is a sacred trust. All aspects of this Constitution have been framed in the light of the Quran, Sunnah and the heritage of the Islamic movement. All the activities of Bangladesh Islami Chhatrashibir centre round this Constitution.

From time to time, some amendments were made to this Constitution in response to the demand of the situtation without compromising its basic principles.

This integrated version of the Constitution incorporates the latest amendments.

May Allah (SWT) enable us to carry out all activities of the Organization in the light of this Constitution. Ameen!

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# ভূমিকা

যেহেতু আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে

**এক :** নিখিল বিশ্বের সৃষ্টি, এর স্থিতি, স্থায়িত্ব, সংরক্ষণ, ক্রমবিকাশ এবং ক্রমোন্নতি একমাত্র সেই আল্লাহর দান, যিনি অসীম জ্ঞান ও বিচক্ষণতার অধিকারী। যাঁর ইচ্ছা ও আদেশ নিরঙ্কুশভাবে আসমান ও জমিনের প্রতিটি অণু-পরমাণুর মধ্যে সক্রিয় রয়েছে, যাঁর হাতে রয়েছে জীবিকার চাবিকাঠি ও জীবন-মৃত্যুর বাগডোর এবং যিনি সমস্ত শক্তি ও ক্ষমতার উৎস।

**দুই :** পৃথিবীর জীবনই মানব-জীবনের শেষ নয়, মৃত্যুর পর মানুষকে আখেরাতের অনন্ত জীবনে প্রবেশ করতে হবে। মহাপরাক্রান্ত আল্লাহর সামনে তার পার্থিব জীবনের প্রতিটি মুহূর্ত ও কাজের হিসাব দিতে হবে। পার্থিব জীবনে কেবলমাত্র আল্লাহ্ প্রদত্ত বিধান অনুযায়ী গোটা জীবন পরিচালিত করলেই আখেরাতের সাফল্য ও কৃতকার্যতা অর্জিত হতে পারে।

**তিন :** আল্লাহ্ যুগে যুগে মানবজাতির পথ নির্দেশের জন্য নির্ভুল জ্ঞানসহ নবী ও রাসূলদের এ দুনিয়ায় প্রেরণ করেছেন। আল্লাহ প্রদত্ত ও রাসূল (স.) প্রদর্শিত জীবন-বিধানই মানবজাতির 'সিরাতুল মুস্তাকিম' সহজ ও নির্ভুল চলার পথ। বিশ্বনবী মুহাম্মদ (স.) সর্বশেষ নবী। তাঁর আনীত 'আল-কুরআন' এবং উপস্থাপিত জীবনাদর্শই গোটা মানবজাতিকে কিয়ামত পর্যন্ত সঠিক পথের সন্ধান দেবে।

Bismillahir Rahmanir Rahim

# PREAMBLE

WHEREAS WE FIRMLY BELIEVE THAT

- The creation, continued existence, sustenance, evolution and development of the universe owes to Allah alone Who possesses absolute wisdom and sagacity and Whose sovereign will reigns supreme over every atom of the heavens and the earth, Who holds the key to all the resources of sustenance, controls the reins of life and death and is the fountain-head of all power and strength,

- Human life is not confined to this world, rather through death man will enter the realm of an eternal life wherein he will be required to render an account of every moment and every act of his earthly life to the Almighty. One can achieve true success in the hereafter only if one moulds his life in its entirety in full conformity with the code of life prescribed by Allah (SWT),

- Allah has sent His messengers (peace be upon them) to this world with perfect knowledge for the guidance of mankind in all ages. The code of life bestowed by Allah (SWT) and embodied by the Prophet (peace be upon him) is the Sira'tul Mustaqeem, the easiest and the perfect way of life and the Holy Prophet Muhammad (peace be upon him) is the last Prophet and Messenger of Allah and the Quran, the Book revealed to him, and his life-example shall continue to radiate guidance for mankind until the day of resurrection.

**চার :** ইসলামের বিধানগুলোকে পূর্ণভাবে গ্রহণ করে নেয়ার মধ্যেই নিহিত রয়েছে মানবতার মুক্তি ও কল্যাণ। যখনই কৃষ্টি-সভ্যতা এবং সমাজব্যবস্থাকে ইসলামের মূলনীতি থেকে অপসারিত করে প্রতিষ্ঠিত করা হয়েছে, তখনই মানবতাকে অকল্যাণ ও ধ্বংসের দিকে ঠেলে দেয়া হয়েছে; এবং

ইসলামী জীবন বিধানের প্রতি উন্নাসিকতাই বর্তমান জগতের সমস্ত অশান্তির মূল কারণ এবং ইসলামী জীবন-বিধানের অনুসরণই এই শোচনীয় অবস্থা দূর করার একমাত্র উপায়।

## সেহেতু

আমরা ইসলামী সমাজ বিনির্মানের প্রচেষ্টায় তৎপর ছাত্রগণ নিজেদেরকে একটি সংগঠনে সংঘবদ্ধ করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করছি যে-

**এক :** আল্লাহর আনুগত্য এবং রাসূল (স.) এর অনুসরণই আমাদের জীবনের একমাত্র উদ্দেশ্য হবে। আমরা সকল প্রকার আনুগত্য ও দাসত্ব পরিত্যাগ করে একমাত্র আল্লাহর আনুগত্য ও দাসত্ব অবলম্বন করব। সর্বপ্রকার মত, পথ ও বিধান ত্যাগ করে একমাত্র রাসূল (স.) এর আদর্শ, জীবন ও পদাঙ্ক অনুসরণ করব। আমাদের এ আনুগত্য ও অনুসরণ জীবনের কোন একটি বিভাগের জন্য হবে না, বরং জীবনের প্রতিটি দিক ও বিভাগে পরিব্যাপ্ত হবে।

**দুই :** আমরা আমাদের জীবনকে ইসলামের আলোকে উদ্ভাসিত করে তুলব এবং মানবসমাজকে আল্লাহর আনুগত্য ও রাসূল (স.) এর অনুসরণের দিকে ডাকব। আমাদের সংগ্রাম-সার্বিক প্রচেষ্টা-একমাত্র এ উদ্দেশ্যেই নিয়োজিত থাকবে, যেন পৃথিবীর বুকে আল্লাহর বাণী সর্বোচ্চ মর্যাদা লাভ করে, রাসূল (স.) এর প্রদর্শিত বিধান পৃথিবীর বুকে সঠিক অর্থে প্রতিষ্ঠিত হয় এবং মানবজাতি ইসলামের ভিত্তিতে তাদের সামগ্রিক জীবন গড়ে তুলতে সক্ষম হয়। এবং

**তিন :** বিশ্বব্যাপী ইসলামী সমাজ বিনির্মানের পদক্ষেপ হিসেবে আমরা সর্বপ্রথম বাংলাদেশে ইসলামী আদর্শ বাস্তবায়নের জন্য আমাদের সমস্ত শক্তি ও সামর্থ্য নিয়োজিত করব।

- The salvation and success of human life lies in accepting the dictates of Islam in its totality. Whenever human civilization, culture and social order were founded on any principles other than Islam, The doom of mankind is courted.

- The root cause of all the unrest prevailing in the present day lies in the indifference of man to the divine guidance, and the only means to remove this misery is that mankind lives in accordance with the Islamic way of life.

  In view of the above, we, the students devoted to bringing about an Islamic society, rally round an organization and hereby resolve -

- The motto of our life shall be to obey Allah and follow the footsteps of His Messenger (peace and blessings of Allah be upon him). We shall renounce all forms of obedience, worship and servitude and shall devote ourselves exclusively in obeying, worshipping and serving Allah (SWT). We shall reject all ideologies and ways of life and follow the life and footsteps of the Messenger of Allah (peace and blessings of Allah be upon him). This obedience and allegiance shall not be confined to a single section of our life, rather shall extend to all walks of our life,

- We shall illuminate our life with the light of Islam and shall call human beings to obeying Allah (SWT) and worshipping Him alone and following the footsteps of His Messenger (peace and blessings of Allah be upon him). Our struggle and endeavours shall be to keep Allah's (SWT) order supreme and the ideology, shown by the Prophet (peace be upon him), established on the earth in the truest sense of the term so that the human beings can build up their entire life on the basis of Islam.

- As a prelude to the global Islamic revolution, we do hereby resolve to lend all our energies to implement Islamic ideology in Bangladesh first.

# প্রথম অধ্যায়

## নাম

**ধারা-১ :** এই সংগঠনের নাম 'বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির'।

## লক্ষ্য ও উদ্দেশ্য

**ধারা-২ :** এই সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে আল্লাহ প্রদত্ত ও রাসূল (স.) প্রদর্শিত বিধান অনুযায়ী মানুষের সার্বিক জীবনের পুনর্বিন্যাস সাধন করে আল্লাহর সন্তুষ্টি অর্জন।

## কর্মসূচি

**ধারা-৩ :** এই সংগঠনের কর্মসূচি-

**এক :** তরুণ ছাত্রসমাজের কাছে ইসলামের আহ্বান পৌঁছিয়ে তাদের মাঝে ইসলামী জ্ঞান অর্জন এবং বাস্তব জীবনে ইসলামের পূর্ণ অনুশীলনের দায়িত্বানুভূতি জাগ্রত করা।

**দুই :** যে সব ছাত্র ইসলামী জীবনবিধান প্রতিষ্ঠার সংগ্রামে অংশ নিতে প্রস্তুত তাদেরকে সংগঠনের অধীনে সংঘবদ্ধ করা।

**তিন :** এই সংগঠনের অধীনে সংঘবদ্ধ ছাত্রদেরকে ইসলামী জ্ঞান প্রদান এবং আদর্শ চরিত্রবানরূপে গড়ে তুলে জাহেলিয়াতের সমস্ত চ্যালেঞ্জের মোকাবেলায় ইসলামের শ্রেষ্ঠত্ব প্রমাণ করার যোগ্যতাসম্পন্ন কর্মী হিসেবে গড়ার কার্যকরী ব্যবস্থা করা।

**চার :** আদর্শ নাগরিক তৈরির উদ্দেশ্য ইসলামী মূল্যবোধের ভিত্তিতে শিক্ষাব্যবস্থার পরিবর্তন সাধনের দাবিতে সংগ্রাম এবং ছাত্রসমাজের প্রকৃত সমস্যা সমাধানের সংগ্রামে নেতৃত্ব প্রদান।

**পাঁচ :** অর্থনৈতিক শোষণ, রাজনৈতিক নিপীড়ন এবং সাংস্কৃতিক গোলামি হতে মানবতার মুক্তির জন্য ইসলামী সমাজ বিনির্মাণে সর্বাত্মক প্রচেষ্টা চালানো।

# CHAPTER ONE

## NAME

**Article 1**: The name of this Organization shall be **BANGLADESH ISLAMI CHHATRASHIBIR.**

## AIMS AND OBJECTS

**Article 2** : The aims and objects of this Organization shall be to seek the pleasure of Allah (SWT) by moulding entire human life in accordance with the code, bestowed by Allah (SWT) and examplified by His Messenger (peace be upon him).

## PROGRAMMES

**Article 3 :** The programmes of this Organization shall be as follows :-

(1) To convey the message of Islam to the students to inspire them to acquire Islamic knowledge and to arouse in them the sense of responsibility to practise Islam in full.

(2) To organize the students prepared to take part in the struggle for establishing Islamic way of life within the fold of this Organization.

(3) To take effective steps to impart Islamic knowledge to the students, organized under this Organazation, to make them men of character, capable of braving all the challenges of Jahilyah and thus proving the superiority of Islam.

(4) To struggle for changing the existing system of education on the basis of Islamic values to build up ideal citizens and to launch the struggle for solving the genuine problems of the students.

(5) To strive for building up an Islamic society to free humanity from all forms of economic exploitation, political oppression and cultural servitude.

# দ্বিতীয় অধ্যায়

## সদস্য

**ধারা-৪ :** একজন শিক্ষার্থী যদি সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্যকে তার জীবনের লক্ষ্য ও উদ্দেশ্য হিসেবে গ্রহণ করেন, এ সংগঠনের কর্মসূচি ও কর্মপদ্ধতির সাথে পূর্ণ ঐকমত্য পোষণ করেন ও তা বাস্তবায়নের প্রচেষ্টায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন, এ সংগঠনের সংবিধানকে সম্পূর্ণরূপে মেনে চলেন, তার জীবনে ইসলাম নির্ধারিত ফরজ ও ওয়াজিবসমূহ যথাযথভাবে পালন করেন, কবিরা গোনাহ্‌সমূহ থেকে দূরে থাকেন এবং সংগঠনের লক্ষ্য ও কর্মসূচির বিপরীত কোন সংস্থার সঙ্গে কোন সম্পর্ক না রাখেন, তাহলে তিনি এই সংগঠনের সদস্যপদ লাভ করতে পারেন।

**ধারা-৫ :** সদস্যপদ লাভে ইচ্ছুক কোন কর্মী কেন্দ্রীয় সভাপতি হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করতঃ কার্যকরী পরিষদ কর্তৃক অনুমোদিত পন্থায় কেন্দ্রীয় সভাপতির কাছে পাঠিয়ে দেবেন এবং কেন্দ্রীয় সভাপতি তা মঞ্জুর করবেন এবং তার সদস্য পদের শপথ নেয়ার ব্যবস্থা করবেন। মঞ্জুর না করলে তার কারণ কার্যকরী পরিষদের নিকট ব্যাখ্যা করতে বাধ্য থাকবেন।

**ধারা-৬ :** কোন সদস্য যদি সংবিধানের ৪ নম্বর ধারায় বর্ণিত বিষয়সমূহ আংশিক বা পূর্ণভাবে লঙ্ঘন করেন অথবা সদস্য হওয়াকালীন প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করেন অথবা সংগঠনের প্রতি অবজ্ঞা প্রদর্শন করেন অথবা তাকে সংশোধনের প্রচেষ্টা সত্ত্বেও দীর্ঘদিন পর্যন্ত সংগঠনের কাজে অবহেলা করে চলেন, তাহলে কার্যকরী পরিষদ কর্তৃক গৃহীত নির্ধারিত পন্থায় তার সদস্যপদ বাতিল করা হবে।

**ধারা-৭ :** যদি কোন সদস্য তার সদস্যপদ থেকে ইস্তফা দিতে চান তাহলে তাকে কেন্দ্রীয় সভাপতির নিকট পদত্যাগপত্র পেশ করতে হবে। কেন্দ্রীয় সভাপতি তার পদত্যাগপত্র পাওয়ার সাথে সাথে তার সদস্যপদ মুলতবি হয়ে যাবে এবং কেন্দ্রীয় সভাপতির অনুমোদনের পর পরই তার সদস্যপদ বাতিল হয়ে যাবে।

# CHAPTER TWO

## MEMBERSHIP

**Article 4** : Any student shall be entitled to the membership of this organization provided he accepts the aims and objectives of this Organization as those of his own life, is at one with the programmes and modus operandi of this Organization, actively takes part in the struggle for implementing the same, fully abides by the Constitution of this Organization, duly observes the injunctions (obligatory ibadah) enjoined by Islam, refrains from committing major sins and is not associated with any Organization having conflicting principles and methods in relation to aims and agenda with those of this Organization.

**Article 5** : Any worker desiring membership shall collect a prescribed form from the Central President, duly fill in it and submit it to the Central President in the manner of being approved by the executive council and the Central President shall grant it and shall arrange for his oath. If the Central President does not grant him membership, he shall be liable to explain the reason thereof to the executive council.

**Article 6** : Membership shall be repealed through a process prescribed by the executive council if a member fully or partially violates the terms and conditions laid by the Constitution in article 4 or violates the oath, taken while being a member, or shows reluctance or disregard to the Organization by words or deeds for a long time despite the efforts for his rectification.

**Article 7** : If any member wants to resign his membership, he shall have to submit his resignation to the Central President. His membership shall be postponed as soon as the Central President receives it and his membership shall come to an end immediately after the Central President approves it.

**ধারা-৮ :** কোন সদস্যের ছাত্রজীবন সমাপ্ত হলে তার পরীক্ষার ফল প্রকাশিত হবার দু'মাস পর তার সদস্যপদ আপনা-আপনি বিলুপ্ত হবে

# সাথী

**ধারা-৯ :** যদি কোন শিক্ষার্থী সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে ঐকমত্য পোষণ করেন, এ সংগঠনের কর্মসূচি ও কর্মপদ্ধতির সাথে সচেতনভাবে একমত হন, ইসলামের প্রাথমিক দায়িত্বসমূহ পালন করেন এবং সংগঠনের সামগ্রিক তৎপরতায় পূর্ণভাবে সহায়তা করতে প্রতিশ্রুতি দেন, তাহলে তিনি এ সংগঠনের সাথী হতে পারেন।

**ধারা-১০ :** সাথী হতে ইচ্ছুক কোন শিক্ষার্থী কেন্দ্রীয় সংগঠন কর্তৃক নির্ধারিত সাথী হবার আবেদনপত্র পূরণ করে তা কেন্দ্রীয় সভাপতি অথবা তার কোন স্থানীয় প্রতিনিধির কাছে জমা দেবেন এবং কেন্দ্রীয় সভাপতি বা তার স্থানীয় প্রতিনিধি সে আবেদনপত্র মঞ্জুর করে নেবেন।

**ধারা-১১ :** যদি কোন সাথী সংবিধানের ৯নং ধারায় বর্ণিত নিয়মসমূহ আংশিক বা পূর্ণভাবে লঙ্ঘন করেন, তাহলে কেন্দ্রীয় সভাপতি বা তার স্থানীয় প্রতিনিধি উক্ত সাথীর সাথীপদ বাতিল করতে পারবেন।

**Article 8** : Membership shall automatically come to an end two months after the publication of the result of the examination at the close of one's student life.

## ASSOCIATESHIP

**Article 9** : If any student subscribes to the aims and objects of this Organization, consciously agrees to the programmes and techniques of work of this Organization, observes the preliminary obligations of Islam and pledges to extend his full co-operation to the Organization in its integrated activities, shall be entitled to its associateship.

**Article 10**: Any student seeking associateship shall fill in the application form specified by the central organization and submit it to the Central President or his local representative and the Central President or his local representative shall approve it.

**Article 11**: If any associate fully or partially violates the preconditions mentioned in Article 9 of this Constitution, the Central President or his local representative shall repeal his associateship.

# তৃতীয় অধ্যায়

## কেন্দ্রীয় সংগঠন

**ধারা-১২ :** কেন্দ্রীয় সংগঠন কেন্দ্রীয় সভাপতি, কার্যকরী পরিষদ এবং একটি সেক্রেটারিয়েটএর সমন্বয়ে গঠিত হবে।

## কেন্দ্রীয় সভাপতি

**ধারা-১৩ :** এই সংগঠনের কেন্দ্রীয় সভাপতি সংগঠনের সদস্যদের প্রত্যক্ষ ভোটে এক বছরের জন্য নির্বাচিত হবেন।

**ধারা-১৪ :** যদি কোন কারণবশতঃ কেন্দ্রীয় সভাপতির পদ স্থায়ীভাবে শূন্য হয় তাহলে কার্যকরী পরিষদ, পরিষদের মধ্য থেকে একজনকে সাময়িকভাবে কেন্দ্রীয় সভাপতি নির্বাচিত করে যথাশীঘ্র সম্ভব সদস্যদের ভোটে সেশনের অবশিষ্ট সময়ের জন্য কেন্দ্রীয় সভাপতি নির্বাচনের ব্যবস্থা করবেন। যদি কেন্দ্রীয় সভাপতি সাময়িকভাবে ছুটি গ্রহণে বাধ্য হন তাহলে তিনি কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে পরিষদের মধ্য থেকে তিন মাসের জন্য অস্থায়ী সভাপতি নিযুক্ত করতে পারবেন।

**ধারা-১৫ :** কেন্দ্রীয় সভাপতি বা অস্থায়ী সভাপতি নির্বাচিত বা নিযুক্ত হবার পর কার্যভার গ্রহণের পূর্বে সদস্যদের সম্মেলনে অথবা কার্যকরী পরিষদের অধিবেশনে সংবিধানের পরিশিষ্টে বর্ণিত সভাপতির শপথ গ্রহণ করবেন।

**ধারা-১৬ :** কেন্দ্রীয় সভাপতির দায়িত্ব ও কর্তব্য হচ্ছে, এই সংগঠনের মূল উদ্দেশ্য হাসিল, পরিচালনা, কর্মসূচির বাস্তবায়ন এবং সর্বোৎকৃষ্ট সাংগঠনিক শৃঙ্খলা প্রতিষ্ঠা ও সংরক্ষণ।

**ধারা-১৭ :** কেন্দ্রীয় সভাপতি সব সময় কার্যকরী পরিষদের পরামর্শ অনুসারে কাজ করবেন। কিন্তু দৈনন্দিন কাজ সম্পাদন ও কার্যকরী পরিষদের সিদ্ধান্ত নেই এমন কোন বিষয়ে জরুরি ও সাময়িক পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হলে তিনি এ নিয়মের অধীন থাকবেন না।

**ধারা-১৮ :** সংবিধানের বিভিন্ন ধারায় কেন্দ্রীয় সভাপতিকে যে সব ক্ষমতা প্রদান করা হয়েছে, তিনি নিজে অথবা কর্মীদের মাধ্যমে সেগুলো প্রয়োগ করতে পারবেন।

# CHAPTER THREE

## The Central Body

Article **12:** The central body shall consist of the Central President, the executive council and the secretariat.

## The Central President

Article **13**: The Central President shall be elected by the members of this Organization through direct votes for a period of one year.

Article **14**: If, for any reason, the office of the Central President permanently falls vacant, the executive council shall temporarily elect Central President from amongst the executive council members and shall immediately arrange for election to the office of the Central President for the rest of the session. If the Central President is bound to take temporary leave he shall, in consultation with the executive council, appoint an Acting President from amongst the executive council members for a period of three months.

Article **15**: The Central President or the Acting President, elected or appointed, shall take the oath of office as per the direction in the appendix of this constitution in the members conference or in the session of the executive council before he takes the charge.

Article **16:** The main duty and responsibility of the Central President shall be to achieve the aims and objects of this Organization, to administer it to materialize the programmes and to establish and maintain the highest form of discipline in the Organization.

Article **17**: The Central President shall generally function in consultation with the executive council but he shall not be subject to this provision in case of his day to day affairs and in such cases on which there is no decision of the executive council but he deems it necessary to take emergency decision and temporary steps.

Article **18**: The Central President, directly or through his representatives, shall exercise powers vested in him in different sections of this Constitution.

# কার্যকরী পরিষদ

**ধারা-১৯ :** সদস্যদের প্রত্যক্ষ ভোটে প্রতি একশত পঁয়তাল্লিশ জনে একজন হারে এবং অবশিষ্ট সংখ্যার জন্য একজন নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে কার্যকরী পরিষদ এক বছরের জন্য গঠিত হবে এবং সভাপতি প্রয়োজন বোধ করলে নির্বাচিত প্রতিনিধিদের এক-তৃতীয়াংশের বেশি হবে না, এমন সংখ্যক সদস্যকে এবং কার্যকরী পরিষদের প্রাক্তন সদস্যদের মধ্য থেকে অনূর্ধ্ব দু'জনকে কার্যকরী পরিষদের পরামর্শাক্রমে পরিষদের অন্তর্ভুক্ত করতে পারবেন। কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের সভাপতি থাকবেন এবং সেক্রেটারি জেনারেল পদাধিকার বলে কার্যকরী পরিষদের সদস্য হবেন।

**ধারা-২০ :** কার্যকরী পরিষদের সদস্যগণ কেন্দ্রীয় সভাপতির ব্যবস্থাপনায় শপথ গ্রহণ করবেন।

**ধারা-২১ :** কার্যকরী পরিষদের কোন নির্বাচিত সদস্যদের পদ শূন্য হলে তিন মাসের মধ্যেই তা পূরণ করতে হবে।

**ধারা-২২ :** সামগ্রিকভাবে কার্যকরী পরিষদের ও ব্যক্তিগতভাবে এর সদস্যদের দায়িত্ব হচ্ছে নিজেদের তত্ত্বাবধান, কেন্দ্রীয় সভাপতির তত্ত্বাবধান, সংগঠনে ইসলামী নীতির অনুসৃতির তত্ত্বাবধান, সংগঠনের কর্মসূচি বাস্তবায়নের তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ, সংবিধান অনুসৃতির তত্ত্বাবধান, সংগঠনের যে কোন ত্রুটি দূরীকরণ, সংগঠনের সামগ্রিক কাজের মৌলিক পরিকল্পনা প্রণয়ন, কেন্দ্রীয় সভাপতিকে পরামর্শ দান, নিঃসঙ্কোচে মত প্রকাশ এবং কার্যকরী পরিষদের অধিবেশনে নিয়মিত যোগদান অথবা অভিমত প্রেরণ।

# THE EXECUTIVE COUNCIL

**Article 19** : The executive council shall be formed for a period of one year with representatives, directly elected by the members, in a ratio of one for one hundred & Forty Five and another one for the remaining fraction and the President may, if he deems it necessary, nominate members, not numbering more than one-third of the elected members, and members from amongst the ex-members of the executive council, not numbering more than two, to the executive council, in consultation with the executive council.

The Central President shall be the chairman and the secretary general shall be the ex-officio member of the executive council.

**Article 20** : The Central President shall administer the oath of office of the members of the executive council.

**Article 21** : If any seat of the elected members of the executive council falls vacant, the vacancy shall be filled up within a period of three months.

**Article 22** : The collective and individual duties and responsibilities of the members of the executive council shall be to take care of themselves, keep a watch on the Central President, look into the practice of Islamic principles in the Organization, supervise and observe the implementation of the programmes of the Organization, supervise the pursuit of the Constitution, remove flaws, if found any, from the Organization, chalk out the basic plans of the integrated activities of the Organization, advise the Central President, express own views without any hesitation and regularly attend the sessions of the executive council or send opinions thereto.

**ধারা-২৩ :** বছরে কার্যকরী পরিষদের দু'টি সাধারণ অধিবেশন অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় সভাপতি প্রয়োজন বোধ করলে অথবা কার্যকরী পরিষদের এক-পঞ্চমাংশ সদস্য অথবা সংগঠনের সদস্যদের এক-দশমাংশ কেন্দ্রীয় সভাপতির নিকট লিখিতভাবে দাবি করলে কার্যকরী পরিষদের অধিবেশন অবশ্যই অনুষ্ঠিত হবে। কার্যকরী পরিষদের অধিবেশন অনুষ্ঠানের দাবি পেশ করার দিন থেকে এক মাসের মধ্যেই অধিবেশনের ব্যবস্থা করতে হবে।

**ধারা-২৪ :** কার্যকরী পরিষদের অধিবেশনে পরিষদের মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশ সদস্য উপস্থিত হলেই কোরাম হবে। কিন্তু কেরাম না হওয়ার কারণে কোন অধিবেশন মুলতবি হলে পরবর্তী অধিবেশনের জন্য কোরামের প্রয়োজন হবে না। কার্যকরী পরিষদের প্রতিটি সিদ্ধান্ত উপস্থিত সদস্যদের অধিকাংশের মতানুযায়ী গৃহীত হবে।

**ধারা-২৫ :** যদি কোন ব্যাপারে কেন্দ্রীয় সভাপতি ও কার্যকরী পরিষদের মধ্যে মতবিরোধ দেখা দেয় এবং যদি একে অপরের রায় মেনে নিতে না পারেন, তাহলে চূড়ান্ত সিদ্ধান্ত সংগঠনের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতানুযায়ী নির্ধারিত হবে।

## সেক্রেটারিয়েট

**ধারা-২৬ :** কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে সেক্রেটারি জেনারেল ও প্রয়োজনীয় সংখ্যক বিভাগীয় সেক্রেটারির সমন্বয়ে সেক্রেটারিয়েট গঠন করবেন। কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে প্রয়োজনবোধে পূর্ণ বা আংশিকভাবে তার সেক্রেটারিয়েটে রদবদর করতে পারবেন।

**ধারা-২৭ :** সেক্রেটারি জেনারেলের সেক্রেটারিয়েটের বিভাগগুলোর কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার দায়িত্ব থাকবে। অধস্তন সংগঠনগুলোর ও কর্মীদের উপর দৃষ্টি রাখা এবং কেন্দ্রীয় সভাপতিকে সমস্ত বিষয়ে ওয়াকিফহাল রাখা তার দায়িত্বের অন্তর্ভুক্ত হবে।

**ধারা-২৮ :** কেন্দ্রীয় সভাপতির দায়িত্ব ও কর্তব্য পালনে সর্বতোভাবে সহযোগিতা করাই সেক্রেটারিয়েটের দায়িত্ব ও কর্তব্য এবং সেক্রেটারিয়েট কাজের জন্য সভাপতির নিকট দায়ী থাকবে।

**Article 23** : There shall be two general sessions of the executive council to be held a year. A session of the executive council must be convened if the Central President deems it necessary or one fifth of the total members of the Organization demand in writing to the Central President. The executive council shall be summoned within a period of one month from the date of requisition.

**Article 24** : One-third of the total members of the executive council shall form the quorum of the meeting. No quorum shall be necessary for the following session if a session goes adjourned for the shortage of the quorum. Each and every decision of the executive council shall be taken on the basis of the opinions of the majority of the members present.

**Article 25** : In case of a difference of opinion between the Central President and the executive council and if one can not accept the opinion of the other, the decision of the majority of the members of the Organization shall be conclusive.

## THE SECRETARIAT

**Article 26** : The Central President shall, in consultation with the executive council, form a secretariat with the secretary general and as many departmental secretaries as required. The Central President may, in consultation with the executive councul, partially or fully reshuffle the secretariat if he deems it necessary.

**Article 27** : The duties and responsibilities of the secretary general shall be to administer the departmental work of the secretariat fairly and his duties and responsibilities shall include keeping an eye on the lower tiers and workers of the Organization and keeping the Central President informed about all the affairs.

**Article 28** : The duties and responsibilities of the secretariat is to co-operate and assist the Central President in discharging his function. The secretariat shall remain accountable to the Central President for its activities.

## অন্যান্য স্তর

**ধারা-২৯ :** প্রয়োজন ও পরিস্থিতি অনুযায়ী কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের পরামর্শক্রমে সংগঠনের অন্যান্য স্তর উদ্ভাবন ও প্রশাসন পদ্ধতি নির্ধারণ করতে পারবেন।

## সদস্য শাখা

**ধারা-৩০ :** দু'য়ের অধিক সদস্য নিয়ে 'সদস্য শাখা' গঠিত হবে। সদস্যদের প্রত্যক্ষ ভোটে সদস্য শাখার সভাপতি এক বছরের জন্য নির্বাচিত হবেন। অনিবার্য কারণে কেন্দ্রীয় সভাপতির নির্দেশে সদস্যগণ বছরের যে কোন সময়ে সদস্য শাখার সভাপতি নির্বাচিত করতে পারবেন।

**ধারা-৩১ :** কেন্দ্রীয় পরিকল্পনার ভিত্তিতে সংগঠনের কর্মসূচি বাস্তবায়ন ও কেন্দ্রীয় সভাপতির নির্দেশাবলী পালনই সদস্য শাখার দায়িত্ব ও কর্তব্য।

## সাথী শাখা

**ধারা-৩২ :** যেখানে সদস্য শাখা নেই সেখানে দু'য়ের অধিক সাথী নিয়ে কেন্দ্রীয় সভাপতির অনুমোদনক্রমে 'সাথী শাখা' গঠিত হবে। সাথীদের প্রত্যক্ষ ভোটে এক বছরের জন্য সাথী শাখার সভাপতি নির্বাচিত হবেন।

## নির্বাচন

**ধারা-৩৩ :** নির্বাচন কমিশন কেন্দ্রীয় সভাপতি নির্বাচন পরিচালনা করবেন। কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন সহকারী নির্বাচন কমিশনার সমন্বয়ে নির্বাচন কমিশন গঠন করবেন। সংগঠনের সর্ব পর্যায়ের নির্বাচন পদ্ধতি কার্যকরী পরিষদ নির্ধারণ করবেন।

**ধারা-৩৪ :** এই সংগঠনের সভাপতি বা কার্যকরী পরিষদের সদস্য বা অন্য কোন দায়িত্বশীল ব্যক্তি নির্বাচন করা কালে ব্যক্তির আল্লাহ ও রাসূল (স.)-এর প্রতি আনুগত্য, তাক্বওয়া, আদর্শের সঠিক জ্ঞানের পরিসর, সাংগঠনিক প্রজ্ঞা, শৃঙ্খলাবিধানের যোগ্যতা, মানসিক ভারসাম্য, উদ্ভাবনী ও বিশ্লেষণী শক্তি, কর্মের দৃঢ়তা, অনড় মনোবল, আমানতদারি এবং পদের প্রতি লোভহীনতার দিকে অবশ্যই নজর রাখতে হবে।

# OTHER TIERS OF THE ORGANIZATION

**Article 29** : The Central Preisdent may, in consultation with the executive council, evolve other tiers and determine their administrative system according to necessity and circumstances.

## MEMBER UNIT

**Article 30** : A member unit shall consist of more than two members. The president of a member unit shall be elected by direct votes of the members for a period of one year. Under unavoidable circumstances, on the direction of the Central President, the members may elect the president of the member unit at any time of the year.

**Article 31** : The duties and responsibilities of a member unit is to materialize the programmes of the Organization in the light of the central plan and to actualise the directives of the Central President.

## ASSOCIATE UNIT

**Article 32**: An associate unit shall consist of more than two associates on approval of the Central President where there is no member unit. The president of an associate unit shall be elected by direct votes of the associates for a period of one year.

## ELECTIONS

**Article 33** : An election commission shall conduct the election of the central president. The central president shall constitute the election commission consisting of a chief election commissioner and two assistant election commissioners in Consultation with the executive council. The executive council shall determine the election procedure of all tiers of the Organization.

**Article 34** : While electing the President or a member of the executive council or any responsible person of this Organization, a person's adherence to the dictates of Allah (SWT) and His Prophet (peace be upon him), taqwa (fear of Allah), proper understanding of the ideology, organizational wisdom, capability of ensuring discipline, mental equilibrium, innovative and analytical ability, steadfastness, determination, trustworthiness and greedlessness to the post must be kept in view.

**ধারা-৩৫** : এই সংগঠনের যে কোন নির্বাচনে প্রত্যক্ষ বা পরোক্ষ ক্যানভাসের অনুমতি থাকবে না। কারো পক্ষে বা বিপক্ষে কোন গ্রুপ সৃষ্টি করা যাবে না। তবে পরামর্শ নেয়াটা ক্যানভাসের অন্তর্ভুক্ত হবে না। নির্বাচনে সর্বোচ্চ সংখ্যক ভোটপ্রাপ্ত ব্যক্তিই নির্বাচিত বলে ঘোষিত হবেন।

## অর্থ-ব্যবস্থা

**ধারা-৩৬** : সংগঠনের প্রত্যেক স্তরে বায়তুলমাল থাকবে। কর্মী ও শুভাকাঙ্ক্ষীদের দান, সংগঠন-প্রকাশনীর মুনাফা এবং যাকাতই হবে বায়তুলমালের আয়ের উৎস।

**ধারা-৩৭** : সংশ্লিষ্ট সভাপতি সংগঠনের কর্মসূচির বাস্তবায়ন ও অন্যান্য সাংগঠনিক কাজে বায়তুলমালের অর্থ ব্যয় করবেন।

**ধারা-৩৮** : বায়তুলমালের যাকাত সংগ্রহ করতে হলে পূর্বে কেন্দ্রীয় সভাপতির অনুমতি নিতে হবে এবং যাকাত থেকে প্রাপ্ত অর্থের হিসাব পৃথক রাখতে হবে। এই অর্থ কেবলমাত্র শরীয়ত নির্ধারিত খাতে ব্যয় করা যাবে।

**ধারা-৩৯** : অধস্তন সংগঠনগুলো বায়তুলমাল থেকে নিয়মিতভাবে নির্ধারিত অংশ ঊর্ধ্বতন বায়তুলমালে জমা দেবে।

**ধারা-৪০** : কেন্দ্রীয় সভাপতি সামগ্রিকভাবে বায়তুলমালের আয়-ব্যয় সম্পর্কে কার্যকরী পরিষদের নিকট দায়ী থাকবেন এবং অধস্তন সংগঠনগুলোর বায়তুলমালের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করবেন। কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের সাথে পরামর্শ করে অডিট কমিটি গঠন করবেন। অডিট কমিটি বছরে একবার কেন্দ্রীয় ও শাখা বায়তুলমাল অডিট করবে। অডিট রিপোর্ট কার্যকরী পরিষদে পেশ করা হবে।

**Article 35**: No canvassing shall be allowed in any election of this Organization. Grouping and group activities shall not be permissible in support of or against a person. To seek advice shall not be deemed to fall under the definition of canvassing. The person securing highest number of votes shall be declared elected.

## FUND/BAITUL MAAL

**Article 36**: There shall be a Baitul Maal at every tier of the Organization. The contribution of the workers and well- wishers, the sales proceeds of the publication of the Organization and Zakat shall be the sources of income of the Baitul Maal.

**Article 37**: The respective president shall spend the money of Baitul Maal for the materialization of the programme of the Organization and for other organizational activities.

**Article 38**: Zakat could be collected only on the prior permission of the Central President and an account of the Zakat money shall be maintained separately. This money shall only be spent under the specific heads prescribed by the Shariah.

**Article 39:** The lower tiers shall regularly remit a fixed amount of money to the higher Baitul Maal.

**Article 40**: The Central President shall remain responsible to the executive council in respect to the income and expenditure of the Baitul Maal and supervise and control the Baitul Maal of the lower tiers. The Central President shall constitute an audit committee in consultation with the executive council. The audit committee shall audit the Central and Branch Baitul Maal once a year. The audit report shall be presented to the executive council meeting.

# পদচ্যুতি

**ধারা-৪১ :** কেন্দ্রীয় সভাপতি যদি স্বেচ্ছায় শরীয়তের স্পষ্ট বিধান লঙ্ঘন করেন অথবা তার কার্যক্রমে সংগঠনের ক্ষতি হবার আশঙ্কা দেখা দেয় তাহলে তাকে পদচ্যুত করা যাবে।

**ধারা-৪২ :** যদি কার্যকরী পরিষদের অধিকাংশ সদস্য কেন্দ্রীয় সভাপতির প্রতি অনাস্থা প্রস্তাব পাস করেন, তাহলে এক মাসের মধ্যে পূর্ণ বিষয়টি সদস্যদের নিকট পেশ করতে হবে। অধিকাংশ সদস্য অনাস্থা প্রস্তাবের পক্ষে ভোট দিলে কেন্দ্রীয় সভাপতি পদচ্যুত হবেন। অধিকাংশ সদস্য সভাপতির সমর্থনে ভোট দিলে কার্যকরী পরিষদ পদচ্যুত হবেন এবং নতুন নির্বাচন অনুষ্ঠিত হবে।

**ধারা-৪৩ :** সদস্যদের মধ্য হতে কেন্দ্রীয় সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পেশ করতে হলে এ প্রস্তাবের পক্ষে প্রমাণাদিসহ সদস্যদের এক-দশমাংশের স্বাক্ষর নিয়ে লিখিতভাবে কার্যকরী পরিষদের নিকট তা পেশ করতে হবে। এর পরে অনাস্থা প্রস্তাবটি এক মাসের মধ্যে কার্যকরী পরিষদের অধিবেশনে পেশ করতে হবে। কার্যকরী পরিষদের অধিকাংশ সদস্য কেন্দ্রীয় সভাপতির বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবটি পাস করলে এক মাসের মধ্যেই পূর্ণ বিষয়টি সদস্যদের নিকট পেশ করতে হবে। অধিকাংশ সদস্য অনাস্থা প্রস্তাবের পক্ষে ভোট দিলে কেন্দ্রীয় সভাপতি পদচ্যুত হবেন। অধিকাংশ সদস্য অনাস্থা প্রস্তাবের বিরুদ্ধে ভোট দিলে কার্যকরী পরিষদ পদচ্যুত হবেন এবং নতুন নির্বাচন অনুষ্ঠিত হবে।

**ধারা-৪৪ :** যদি কেন্দ্রীয় সভাপতি কার্যকরী পরিষদের অথবা কার্যকরী পরিষদের কোন নির্বাচিত সদস্যের রদবদল করার প্রয়োজনীয়তা অনুভব করেন, তাহলে তিনি সংগঠনের সদস্যদের মতামত গ্রহণ করবেন। যদি সংখ্যাগরিষ্ঠ সদস্য তার মতের পক্ষে রায় দেন, তাহলে উক্ত নির্বাচিত সদস্য অথবা কার্যকরী পরিষদ পদচ্যুত হবেন। কিন্তু যদি কার্যকরী পরিষদের সমষ্টিগত পদচ্যুতির ব্যাপারে সংখ্যাগরিষ্ঠ সদস্য কেন্দ্রীয় সভাপতির মতের বিরোধিতা করেন, তাহলে এক মাসের মধ্যে কার্যকরী পরিষদের অধিবেশন আহ্বান করে কেন্দ্রীয় সভাপতি অবশ্যই পদত্যাগপত্র দাখিল করবেন।

# DISMISSAL

**Article 41**: The Central President may be removed from his office if he intentionally violates any clear injunctions of Shariah or if his conduct is likely to cause serious harm to the Organization.

**Article 42**: If the majority of the members of the executive council passes a 'no confidence' motion against the Central President, the whole affair is to be presented before the members of the Organization within one month. The Central President shall cease to hold office if the majority of the members of the Organization votes in favour of the 'no confidence' motion. The executive council shall be dissolved and a new election shall take place if the majority of the members of the Organization votes against the 'no confidence' motion.

**Article 43**: If a 'no confidence' motion against the Central President is to be moved from amongst the members, it should be delivered to the executive council in writing with documents, signed by one-tenth of the members. Hereafter, the motion is to be put to a session of the executive council convened within one month. If the majority of the members of the executive council passes that 'no confidence' motion against the Central President, the whole affair is to be presented before the members within one month. The Central President shall vacate his office if the majority of the members votes in favour of the 'no confidence' motion. The executive council shall be dissolved and a new election shall take place if the majority of the members votes against the 'no confidence' motion.

**Article 44**: The Central President shall take the opinion of the members of the Organization if he deems it necessary to alternate the executive council or any elected member of the executive council. If the majority of the members passes their verdict in favour of his opinion then the executive council or the aforesaid elected member of the executive council shall be dismissed. But the Central President shall have to submit his resignation in a session of the executive council, summoned within one month, if the majority of the members oppose his opinion as regards the collective dismissal of the executive council.

**ধারা-৪৫** : কার্যকরী পরিষদের কোন সদস্য তখনই, তার সদস্যপদ হারাবেন, যখন তিনি সংগঠনের সদস্য না থাকেন অথবা উপযুক্ত কারণ ব্যতীত কার্যকরী পরিষদের অধিবেশনে পর পর দু'বার অনুপস্থিত থাকেন অথবা কার্যকরী পরিষদের সদস্য পদ থেকে পদত্যাগ করেন এবং সভাপতি তা মঞ্জুর করেন অথবা যারা তাকে নির্বাচিত বা মনোনীত করেছেন, তাদের অধিকাংশ যদি তার বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করেন।

**ধারা-৪৬** : কেন্দ্রীয় সভাপতি প্রয়োজনবোধে যে কোন সাথী শাখাকে ভেঙে দিতে এবং যে কোন সদস্য শাখাকে সাসপেন্ড করতে পারবেন। কিন্তু কোন সদস্য শাখাকে সম্পূর্ণ ভেঙে দিতে হলে তাকে কার্যকরী পরিষদের পরামর্শ নিতে হবে।

## সংবিধানের সংশোধন

**ধারা-৪৭** : এ সংবিধানের কোন সংশোধনী সরাসরি সদস্যদের সম্মেলনে সমস্ত সদস্যদের অধিকাংশের ভোটে মঞ্জুর করা যাবে। কিন্তু উক্ত সংশোধনীর নোটিশ সদস্য সম্মেলন অনুষ্ঠিত হবার দুই সপ্তাহ আগে কেন্দ্রীয় সভাপতির নিকট পৌঁছাতে হবে। এই সংবিধানের কোন সংশোধনী কার্যকরী পরিষদের অধিকাংশের ভোটেও মঞ্জুর করা যাবে। কিন্তু এরূপ কোন সংশোধনী গৃহীত হবার দুই মাসের মধ্যেই সব সদস্যের অধিকাংশের ভোটে তা মঞ্জুর করে নিতে হবে।

**ধারা-৪৮** : এ সংবিধানের কোন ধারা বা বিষয়ের ব্যাখ্যার ব্যাপারে কার্যকরী পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

## বিবিধ

**ধারা-৪৯** : জানুয়ারি মাস থেকে এ সংগঠনের সাংগঠনিক বছর শুরু হবে।

**ধারা-৫০** : এ সংগঠনের সাথে সংশ্লিষ্ট যেসব ছাত্রের শিক্ষাজীবন সমাপ্ত হয়ে যাবে তাদেরকে নিয়ে এ সংগঠনের একটি ভ্রাতৃশিবির গঠিত হবে।

**Article 45** : A member of the executive council shall lose his membership when he ceases to remain a member of the Organization or remains absent in two successive sessions of the executive council without any acceptable ground or resigns his membership from the executive council and the Central President accepts it or if the majority of the members who elected him expresses 'no confidence' against him or in case of being a nominated member, he lose the confidence of the Central President.

**Article 46** : The Central Preisdent may, if he deems it necessary, dissolve any associate unit and suspend any member unit but he must consult the executive council if he intends to dissolve a member unit totally.

## AMENDMENT OF THE CONSTITUTION

**Article 47** : Any amendment of this Constitution may be adopted directly in a member conference by votes of the majority of the total members, provided that a notice of the aforesaid amendment must be delivered to the Central President two weeks prior to the member conference. Any amendment of this Constitution may also be adopted by votes of the majority of the members of the executive council but an amendment so adopted must be approved by votes of the majority of the total members within two months.

**Article 48** : The decision of the executive council shall be conclusive in case of interpretation of any section or matter of this Constitution.

## MISCELLANEOUS

**Article 49** : The year of this Organization shall commence from January.

**Article 50** : A brothers' forum shall be formed with the students related to this Organization after the completion of their student life.

[N.B. The Bengali version of this Constitution shall be considered as the main text in case of any dispute.]

# পরিশিষ্ট

## সাথীর শপথ

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

আমি ............................................................................ যাকে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সাথী শ্রেণীর অন্তর্ভুক্ত করা হয়েছে, আল্লাহ রাব্বুল আ'লামীনকে সাক্ষী করে ওয়াদা করছি যে-

(১) আমি বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের আদর্শ, লক্ষ্য, কর্মসূচি ও কর্মপদ্ধতির সাথে সম্পূর্ণরূপে একমত। এ উদ্দেশ্যে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে তাতে আমি সম্ভাব্য সকল প্রকার সহযোগিতা করব।

(২) আমি ইসলামের মৌলিক বিধি-বিধানসমূহ যথাযথভাবে পালন করব এবং

(৩) আমার উপর অর্পিত আমানত যথাযথভাবে রক্ষা করব।

আল্লাহ আমাকে এ ওয়াদা পালন করার তৌফিক দিন। আমীন।

স্বাক্ষর-

# APPENDIX

## THE OATH OF THE ASSOCIATE

Bismillahir Rahmanir Rahim

I, ..............................................................................., who am included in the rank of associate of Bangladesh Islami Chhatrashibir, do solemnly affirm, keeping Allah (SWT), the Lord of the universe, as my witness, that -

(1) I am at one with the ideology, aims and objects, programmes and techniques of work of Bangladesh Islami Chhatrashibir. I shall extend all my possible co-operation to Bangladesh Islami Chhatrashibir in its struggle to achieve the goal.

(2) I shall duly observe the fundamental injunctions of Islam. And

(3) I shall duly preserve the trust entrusted on me.

May Allah (SWT) help me to keep this pledge. Ameen (Accept)!

Signature

# সদস্যের শপথ

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

'আশহাদু আল-লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লাশারিকালাহু ওয়া-আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু।' (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ্ নেই এবং মুহাম্মদ (স.) তাঁর বান্দা ও রাসূল)।

আমি .................... বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সদস্য হয়ে আল্লাহ রাব্বুল আ'লামীনকে সাক্ষী করে ওয়াদা করছি যে,

(১) আল্লাহ ও তাঁর রাসূল (স.)-এর নির্দেশিত আদেশ-নিষেধ অনুযায়ী জীবন গঠন করে আল্লাহ তাআলার সন্তুষ্টি অর্জন করাই হবে আমার জীবনের মূল লক্ষ্য এবং এ লক্ষ্যে পৌছার জন্যে প্রচেষ্টা চালিয়ে যাবার সঙ্কল্প নিয়ে নিছক আল্লাহর উদ্দেশ্যে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সদস্য হচ্ছি।

(২) আমি শিবিরের কর্মনীতি ও কর্মসূচি পুরোপরি সমর্থন করি।

(৩) আমি এ সংবিধান অনুযায়ী শিবিরের নিয়ম-কানুন পালন করব। আমি আরও ওয়াদা করছি যে, আমার সাধ্যানুযায়ী-

(৪) আমি সমস্ত ব্যাপারে নিজের দৃষ্টিভঙ্গি, চিন্তাধারা এবং কার্যক্রমকে কুরআন ও সুন্নাহর ছাঁচে ঢেলে গঠন করার চেষ্টা করব এবং নিজের জীবনের উদ্দেশ্য, পছন্দ-অপছন্দের মাপকাঠি ও আনুগত্যের কেন্দ্র পরিবর্তন করে শুধু আল্লাহর সন্তোষ লাভের অনুকূলে গড়ে তোলার চেষ্টা করব।

(৫) আমি জ্ঞান অর্জন করতে এবং শারীরিক ও মানসিক যোগ্যতার বিকাশ সাধনের চেষ্টা চালিয়ে যাব।

(৬) আমি ছাত্রদের নিকট শিবিরের আহ্বান পৌছাতে এবং যারা তা গ্রহণ করে তাদেরকে শিবিরের পতাকাতলে সংঘবদ্ধ করতে চেষ্টা করব।

(৭) আমি আমার উপর অর্পিত আমানত যথাযথভাবে রক্ষা করব। 'ইন্না সালাতি ওয়া নুসুকি ওয়া মাহ্ইয়াইয়া ওয় মামাতি লিল্লাহি রাব্বিল আ'লামীন।'

(আমার নামাজ, আমার কুরবানী, আমার জীবন, আমার মৃত্যু, সবকিছুই আল্লাহর জন্যে যিনি সারা বিশ্বের প্রতিপালক)।

আল্লাহ আমাকে এ ওয়াদা পালন করার তৌফিক দিন। আমীন।

স্বাক্ষর

# THE OATH OF THE MEMBER

Bismillahir Rahmanir Rahim

Ash-hadu Al-la Ilaha Illallahu Wa Ash-hadu Anna Muhammadan Abduhu Wa Rasuluhu. (I bear witness that there is no Ilah but Allah and Muhammad (peace be upon him) is His servant and messenger)

I, ..............................................................., while taking up the membership of Bangladesh Islami Chhatrashibir, do solemnly affirm, keeping Allah (SWT), the Lord of the universe, as my witness, that-

(1) The ultimate goal of my life shall be to achieve Allah's pleasure by translating the injunctions of Allah (SWT) and His messenger in my practical life and with a determination to reach this goal, for the sake of Allah (S.W.T.), I do hereby embrace the membership of Bangladesh Islami Chhatrashibir.

(2) I do fully agree to the programmes and techniques of work of Shibir.

(3) I shall abide by the rules and regulations of Shibir according to this Constitution. I further affirm that to the best of my ability :

(4) I shall try to fashion my attitude, thinking and activities in accordance with the Quran and the Sunnah in all matters and develop the objective, criterion of likings and dislikings and centre of allegiance of my own life by altering in favour of securing Allah's (SWT) pleasure only.

(5) I shall continue my efforts to acquire knowledge and to develop my physical and mental qualities.

(6) I shall try to convey the message of Shibir to other students and to organize those who accept it under the banner of Shibir.

(7) I shall duly preserve the trusts entrusted on me. "Inna Salati Wa Nusuki Wa Mah Yaya Wa Mamati Lillahi Rabbil Alameen." (Verily, my prayer and my sacrifice, my life and my death are for Allah, the Sustainer of the universe.)

May Allah (SWT) help me to keep this pledge. Ameen (Accept)!

Signature

# সভাপতির শপথ

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

আমি .................. বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির ......... এর সভাপতি নিযুক্ত হয়েছি। আল্লাহ্ রাব্বুল আ'লামীনকে সাক্ষী রেখে ওয়াদা করছি যে,

(১) আমি শিবিরের মূল উদ্দেশ্য হাসিল ও কর্মসূচির পরিপূর্ণতা বিধানকেই আমার সর্বপ্রধান কর্তব্য বলে মনে করব।

(২) নিজে শিবিরের সংবিধান মেনে চলব এবং এর ভিত্তিতে শিবিরের শৃঙ্খলা বজায় রাখতে, সুষ্ঠু নিয়ম-পদ্ধতি প্রতিষ্ঠিত করতে ও চালাতে এবং এর সংরক্ষণ করতে যথাসাধ্য চেষ্টা করব।

আল্লাহ্ আমাকে এ ওয়াদা পালন করার তৌফিক দিন। আমীন।

স্বাক্ষর-

# THE OATH OF THE PRESIDENT

Bismillahir Rahmanir Rahim

I,..............................................................., having been appointed as the President of Bangladesh Islami Chhatrashibir, ............................... do solemnly affirm, keeping Allah, the Lord of the universe, as my witness, that-

(1) My first and foremost duty shall be to fulfill the aims and objects of Shibir and to actualize its programmes.

(2) I myself shall abide by the Constitution of Shibir and shall try my utmost to evolve, maintain and protect discipline of Shibir on the basis of this Constitution.

May Allah (SWT) help me to keep this pledge. Ameen (Accept) !

Signature

# কার্যকরী পরিষদের সদস্যের শপথ

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

আমি ............................................................ যাকে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কার্যকরী পরিষদের সদস্য করা হয়েছে, আল্লাহ রাব্বুল আ'লামীনকে সাক্ষী করে ওয়াদা করছি যে-

(১) আমি শিবিরের শৃঙ্খলা বিধান ও এর কার্যাবলীর পূর্ণ তত্ত্বাবধান এবং সেখানে যদি কোন ত্রুটি পরিলক্ষিত হয় তাহলে তা দূর করার যথাসাধ্য চেষ্টা করব।

(২) শিবিরের সংবিধান এবং কার্যকরী পরিষদের বিধি-বিধানের পূর্ণ অনুগত থাকব।

(৩) নিজের অভিমত দ্বিধাহীন চিত্তে প্রকাশ করব।

(৪) কোন শরয়ী ওজর-আপত্তি ব্যতিরেকে পরিষদের অধিবেশনে উপস্থিত হতে অথবা অভিমত প্রেরণ করতে কোন ত্রুটি করব না।

আল্লাহ রাব্বুল আ'লামীন আমাকে এ ওয়াদা পালনের ক্ষমতা দিন। আমীন।

স্বাক্ষর-

## THE OATH OF THE MEMBER OF THE EXECUTIVE COUNCIL

Bismillahir Rahmanir Rahim

I, ........................, who have been made a member of the executive council of Bangladesh Islami Chhatrashibir, do solemnly affirm, keeping Allah, the Lord of the universe, as my witness, that-

(1) I shall try to maintain discipline of Shibir, supervise its activities and try to rectify defects if found any therein.

(2) I shall abide by the Constitution of Shibir and the rules and regulations of the executive council.

(3) I shall express my views without any fear or favour.

(4) I shall not neglect to attend the sessions of the executive council without any ground approved by the Shariah or shall not neglect to send my opinion thereto.

May Allah (SWT) help me to keep this pledge. Ameen (Accept) !

Signature